

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দুই বছরের এলএলবি, ইঞ্জিনিয়ারিং কোর্স আর নয়

যাযাদি রিপোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো এখন থেকে দুই বছরের এলএলবি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, গণযোগাযোগ ও সাংবাদিকতায় কোনো শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারবে না। তাদের চার বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্স অবধি শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। বার কাউন্সিল, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য স্টেপহোল্ডারদের সঙ্গে আলোচনা করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এ ব্যাপারে একটি নির্দেশনা জারির সিদ্ধান্ত নিয়েছে।

বৃহত্তর ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে কমিশনের ১২৬তম পূর্ণ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানা গেছে।

জানা গেছে, আইন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ছড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত কলেজে দুই বছরের এলএলবি কোর্স সম্পন্ন করে আইন পেশায় নিযুক্ত হওয়া যায়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো দুই বছরের এলএলবি কোর্স পরিচালনা করছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো একইসঙ্গে আইন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর কোর্স পরিচালনা করছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো দুই বছরের এলএলবি কোর্সসহ চার বছরের নিচে অন্য যে কোনো কোর্স অবধি শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারবে কিনা তা বার কাউন্সিলের সঙ্গে

আলোচনা করে এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় উচ্চশিক্ষার অন্তর্ভুক্তিকরণ এবং বাংলাদেশের উচ্চশিক্ষা ক্ষেত্রে জ্ঞান বিনিময় বিষয়ে ইউজিসি ও বৃটিশ কাউন্সিলের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুমোদিত হয়। এ সময় ইউজিসি চেয়ারম্যান সমঝোতার ভিত্তিতে ইউজিসি ও বৃটিশ কাউন্সিল যৌথভাবে যে সব কর্মসূচি ও কার্যক্রম গ্রহণ ও সম্পাদন

করেছে সে বিষয়ে সভাকে অবহিত করেন। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন- ইউজিসি সদস্য প্রফেসর ড. আতফুল হাই শিকদারী, প্রফেসর ড. মো. হুইবুর রহমান, প্রফেসর ড. মোহাম্মাদ মোহাম্মাদ বান, প্রফেসর ড. আবুল হাশেম, প্রফেসর ড. মো. আবদুল হোসেন, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম, মগন্ধা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ কে এম সাদিকুল হক চৌধুরী, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ডিন ও

**ইউজিসি এ ব্যাপারে একটি নির্দেশনা জারির সিদ্ধান্ত নিয়েছে**

উপাচার্য প্রফেসর ড. আমির হোসেন বান, চট্টগ্রাম ভেটেরিনারি আন্ড অ্যানিমেল সাইন্স বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস মাহবুবুল বারি, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ ও অর্থনীতি বিভাগের প্রধান ও ডিন প্রফেসর ড. হাবিবুর রহমান, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. ইমদাদুল হক, কমিশনের সচিব মো. খালেদ প্রমুখ।